৪/১১/২০০১

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১১ কলাম ... ৫......

### দু'জন সংসদ সদস্যের টানাটানি

# ১২টি মডেল স্কুল নির্মাণের টেণ্ডার আহ্বান বাতিল

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** শিক্ষা ভবনের ২০ কোটি টাকার টেন্ডার নিয়ে সরকার
লীয় ২ জন সাংসদের টানাটানিতে পরপর ২ দফা তারিখ পেছানোর পর তৃতীয় দফায়
। বাতিল করা হলো। এ অবস্থায় ১২টি মডেল বিদ্যালয় নির্মাণের পরিকল্পনাই এখন
স্তে যাওয়ার পথে।

শিক্ষা ভবন সূত্র জানায়, ৪টি প্রজেক্টের আওতায় ১২টি মডেল হাইস্কুল নির্মাণের
দ্যোগ নেয় শিক্ষা মন্ত্রণালয়। মোট ১৯ কোটি ৮০ লাখ টাকা ব্যয়ে এ প্রকল্পটির নাম
াকা মহানগরীর ১২টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (বেসরকারি স্থাপনা)'।

প্রকল্পগুলোর মধ্যে রয়েছে রাজধানীর ইস্কাটন রোডে BIAM কমপ্লেক্স, মিরপুর হাজী
াশরাফ আলী হাইস্কুল, পল্লবীতে আল-হেরা হাইস্কুল এবং মোহাম্মদপুরে রেসিডেন্সিয়াল
ইস্কুল।

প্রত্যেকটি প্রজেক্টের আওতায় ৩টি করে বিভাগ রয়েছে। এর মধ্যে একটি করে ল্যাব
বং ২টি করে ভবন। তথ্য অনুযায়ী ৪টি ল্যাবের জন্য ব্যয় নির্ধারণ করা হয়েছে ৬
গটি ৮ লাখ ১৪ হাজার ৮শ টাকা এবং ৮টি ভবনের জন্য ১৩ কোটি ৮৪ লাখ টাকা।
টাকার মধ্যে বৈদ্যুতিক যন্ত্রপাতি, স্যানিটারি, আসবাবপত্র কেনার কথা এবং
বনগুলো হবে প্রত্যেকটি ৭ তলাবিশিষ্ট।

শিক্ষা ভবন সূত্র জানায়, ইতোমধ্যে ২ বার দরপত্র গ্রহণ/বিক্রয়ের তারিখ পরিবর্তন
রা হয়েছে। প্রথমে ২১শে অক্টোবর থেকে ২৫শে অক্টোবর পর্যন্ত সময় নির্ধারণ করা
। পরে তা বাতিল করে দ্বিতীয় দফায় ১লা নভেম্বর থেকে ৫ই নভেম্বর পর্যন্ত সময়
র্ধারণ করা হয়; কিন্তু তাও বাতিল করা হলো তৃতীয় দফায় এবং এখন এ টেন্ডার বন্ধ
ের দেয়া হয়েছে। তবে কবে নতুন তারিখ ঘোষণা হবে বা আদৌ কাজ হবে কিনা সে
াপারে কেউ কিছু বলতে পারেনি।

এদিকে সংশ্লিষ্ট কর্মকর্তাদেরও পাওয়া যাচ্ছে না। শিক্ষা ভবনের প্রধান নির্বাহী
কৌশলী জাহিদুর রহমানের অধীনে এ প্রকল্পগুলো; কিন্তু তিনি এখন দেশের বাইরে।
র অনুপস্থিতিতে দায়িত্বে ছিলেন সহযোগী প্রকল্প পরিচালক মোস্তফা কামাল। তিনিও
র্তমানে অবসরগ্রহণের প্রস্তুতিমূলক ছুটিতে (LPR) আছেন। অন্য কর্মকর্তাদের কেউ
থা বলতে চাননি।

এছাড়া টেন্ডার নিয়ে টানাটানির ঘটনার নায়ক ২ তরুণ সাংসদ এবং এক প্রতিমন্ত্রীর
ই ছাত্রদলের বিবদমান গ্রুপগুলো এ টেন্ডারকে কেন্দ্র করে মুখোমুখি অবস্থানে রয়েছে।
ীয় প্রধান এবং প্রধানমন্ত্রী খালেদা জিয়া নিজে এ বিষয়ে হস্তক্ষেপ করায় এখনও
ঘর্ষে যায়নি তারা। অন্য একটি সূত্র জানায়, উল্লিখিত প্রতিমন্ত্রীকে প্রধানমন্ত্রী গতকাল
কে শাসিয়েছেন। তার ভাইকে আগামী ৩ মাসের জন্য সব ধরনের কর্মকাণ্ড থেকে
ত থাকার জন্যে নির্দেশ দিয়েছেন। এছাড়া উল্লিখিত ২ সাংসদকে হুঁশিয়ার করে
য়েছেন বলে ছাত্রদলের একাধিক নেতা-কর্মী জানিয়েছেন।